গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
চিকিৎসা শিক্ষা-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

স্মারক নং-স্বাপকম/চিশি-২/বেসমেক ও ডেকহা-০১/২০১৭/১৪৮ তারিখঃ ৩০-০৩-২০১৭খ্রিঃ

বিষয়ঃ মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতীত এবং নীতিমালার ব্যতিক্রম করে ভর্তিকৃত শিক্ষার্থীর জন্য মেডিকেল কলেজগুলোর অনুকূলে জরিমানা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে গত ১২-০৩-২০১৭খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বেসরকারি মেডিকেল/ডেন্টাল/হোমিওপ্যাথিক কলেজ/আইএইচটি/ম্যাটস অনুমোদন, স্থগিতাদেশ প্রত্যাহার, আসন বৃদ্ধি, নবায়ন ইত্যাদি সংক্রান্ত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতীত এবং নীতিমালার ব্যতিক্রম করে নিম্নেবর্ণিত ১২(বার)টি বেসরকারি মেডিকেল কলেজের অতিরিক্ত ভর্তিকৃত প্রতি ছাত্রের জন্য ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা হারে জরিমানা প্রদান করতে হবে যা নন-ট্যাক্স রেভিনিউ হিসেবে আগামী ০১(এক) মাসের মধ্যে ট্রেজারী চালানের মাধ্যমে ১-২৭০১-০০০১-২৬৮১ (বিবিধ রাজস্ব ও প্রাপ্তি) কোডে জমা প্রদান করতে হবেঃ- (১) সিলেট উইমেন্স মেডিকেল কলেজ, সিলেট; (২) ডাঃ সিরাজুল ইসলাম মেডিকেল কলেজ, ঢাকা; (৩) নর্থ ইষ্ট মেডিকেল কলেজ, দক্ষিণ সুরমা, সিলেট; (৪) ইবনে সিনা মেডিকেল কলেজ, ঢাকা; (৫) সাহাবুদ্দিন মেডিকেল কলেজ, ঢাকা; (৬) মার্কস মেডিকেল কলেজ, মিরপুর-১৪, ঢাকা; (৭) এনাম মেডিকেল কলেজ, সাভার, ঢাকা; (৮) আনোয়ার খান মডার্ণ মেডিকেল কলেজ, ধানমন্ডি, ঢাকা; (৯) ডায়াবেটিক এসোসিয়েশন মেডিকেল কলেজ, ফরিদপুর; (১০) কুমুদিনী মেডিকেল কলেজ, টাঙ্গাইল; (১১) রংপুর নর্দান মেডিকেল কলেজ, রংপুর ও (১২) হলি ফ্যামিলি মেডিকেল কলেজ, ঢাকা।

০২। পত্র জারীর তারিখ হতে আগামী ০১(এক) মাসের মধ্যে এ টাকা পরিশোধ করে মন্ত্রণালয়কে অবহিত করতে ব্যর্থ হলে পরবর্তী শিক্ষাবর্ষ থেকে ছাত্র-ছাত্রী ভর্তি কার্যক্রম স্থগিত থাকবে।

০৩। উপরে উল্লিখিত সিদ্ধান্তের বাস্তবায়ন অতিরিক্ত আসনে আগামীতে ভর্তির জন্য অনুমোদন হিসেবে বিবেচিত হবে না। অর্থাৎ মন্ত্রণালয় থেকে যে সংখ্যক আসন পূর্ব থেকে অনুমোদিত আছে তাই বহাল থাকবে। বর্ণিত মেডিকেল কলেজসমূহের মধ্য হতে যারা উক্ত সিদ্ধান্ত পালনে ব্যর্থ হবে আগামী শিক্ষাবর্ষ থেকে তাঁদের জন্য অনুমোদিত আসনেও ছাত্র-ছাত্রী ভর্তির কোন সুযোগ থাকবে না।

৩০/০৩/২০১৭
(বদরুন নাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪০৬৯০

অধ্যক্ষ
বেসরকারি................................................................................

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্যঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। পরিচালক, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা(পত্রটি উল্লিখিত সকল বেসরকরি মেডিকেল কলেজের নিকট প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)।
৪। রেজিষ্ট্রার, বিএমএন্ডডিসি, ২০৩ সৈয়দ নজরুল ইসলাম স্মরনী (৮৬ বিজয়নগর), ঢাকা-১০০০।
৫। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬। ডীন (ফ্যাকাল্টি অব মেডিসিন), ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
৭। রেজিষ্ট্রার, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

D:\Letter MCH New.doc

৮। কলেজ পরিদর্শক, কলেজ পরিদর্শকের কার্যালয়, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১১। অতিরিক্ত-সচিব (চিকিৎসা শিক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১২। যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
চিকিৎসা শিক্ষা-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

স্মারক নং-স্বাপকম/চিশি-২/বেসমেক ও ডেকহা-০১/২০১৭/১৫৯ তারিখঃ ৩০-০৩-২০১৭খ্রিঃ

বিষয় ঃ বেসরকারি টিএমএসএস মেডিকেল কলেজ, ঠেঙ্গামারা, বগুড়ায় ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে অতিরিক্ত ভর্তিকৃত ১০ জন শিক্ষার্থীর ভূতাপেক্ষ অনুমোদন প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে গত ১২-০৩-২০১৭খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বেসরকারি মেডিকেল/ডেন্টাল/হোমিওপ্যাথিক কলেজ/আইএইচটি/ম্যাটস অনুমোদন, স্থগিতাদেশ প্রত্যাহার, আসন বৃদ্ধি, নবায়ন ইত্যাদি সংক্রান্ত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক বেসরকারি টিএমএসএস মেডিকেল কলেজ, ঠেঙ্গামারা, বগুড়ায় ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে অতিরিক্ত ভর্তিকৃত ১০টি আসনের ভূতাপেক্ষিক অনুমোদন প্রদান করা হলো। তবে শর্ত থাকে যে,

১. বিষয় ভিত্তিক শিক্ষকের সংখ্যা বাড়াতে হবে;
২. হাসপাতালে ১০% বেড সংরক্ষণসহ বিনা খরচে গরীব রোগীদের চিকিৎসা সেবা নিশ্চিত করতে হবে এবং গরীব রোগীদের তালিকা আলাদাভাবে সংরক্ষণ করতে হবে;
৩. লেকচার হলগুলো গ্যালারী সিস্টেম করতে হবে;
৪. লাইব্রেরীতে সর্বশেষ সংস্করনে পুস্তক ও জার্নাল সংগ্রহ করতে হবে;
৫. নিজস্ব অক্সিজেন প্ল্যান্টের ব্যবস্থা করতে হবে; এবং
৬. ভর্তির সময় অসচ্ছল ও মেধাবী ছাত্র/ছাত্রীদের জন্য ৫% আসন সংরক্ষণসহ ভর্তি নিশ্চিত করতে হবে;

(বদরুন নাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৪০৬৯০

অধ্যক্ষ
বেসরকারি টিএমএসএস মেডিকেল কলেজ
ঠেঙ্গামারা, বগুড়া।

স্মারক নং-স্বাপকম/চিশি-২/বেসমেক ও ডেকহা-০১/২০১৭/১৫৯/১(৭) তারিখঃ ৩০-০৩-২০১৭খ্রিঃ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে) ঃ**

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
২। পরিচালক, চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়ন, স্বাস্হ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
৩। রেজিষ্ট্রার, বিএমএন্ডডিসি, ২০৩ সৈয়দ নজরুল ইসলাম স্মরনী (৮৬ বিজয়নগর), ঢাকা-১০০০।
৪। রেজিষ্ট্রার, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
৫। ডীন (ফ্যাকাল্টি অব মেডিসিন), রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী ।
৬। কলেজ পরিদর্শক, কলেজ পরিদর্শকের কার্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

৩০/০৩/২০১৭

(বদরুন নাহার)
সিনিয়র সহকারী সচিব

**অনুলিপি সদয় অবগতির জন্য ঃ**

১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

D:\Letter MCH New.doc